

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯২৮

আগরতলা, ১৬ আগস্ট, ২০২৪

গোমতী জেলা হাসপাতালে ১৭ জনের  
চোখের ছানির সফল অস্ত্রোপচার

উদয়পুর গোমতী জেলা হাসপাতালে মোট ১৭ জনের চোখের ছানির অস্ত্রোপচার গত ১৪ আগস্ট সফলভাবে সম্পন্ন হয়েছে। এরমধ্যে পুরুষ ছিলেন তিন জন এবং মহিলা ছিলেন ১৪ জন। বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসক ডাঃ ছন্দম আচার্য সহ একটি মেডিকেল টিম এই চোখের ছানির অস্ত্রোপচার করেন। এই টিমে ছিলেন নার্সিং অফিসার রীণা রাণী দাস এবং অপটোমেট্রিস্ট ভবতোষ শীল সহ অন্যান্য কর্মীরা। উল্লেখ্য গোমতী জেলা হাসপাতালে প্রতি বুধবার চোখের ছানির অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর রোগীদের প্রত্যেকের অবস্থা এখন স্থিতিশীল রয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*